

# Gramapriya

## গ্রামপ্রিয়া

A Profitable Rural Poultry for Tripura

ত্রিপুরার জন্য একটি লাভজনক গ্রামীণ মুরগী



কৃষি বিজ্ঞান কেন্দ্র, দক্ষিণ ত্রিপুরা  
**KRISHI VIGYAN KENDRA, SOUTH TRIPURA**

ICAR Research Complex For NEH Region  
Birchandramanu, Manpathar, South Tripura-799144, Tripura, India





## A Profitable Rural Poultry for Tripura

মানুষের খাদ্য তালিকায় ডিম সব রকম পুষ্টি উপাদান সম্বলিত একটি প্রয়োজনীয় খাদ্য বস্তু। অষ্ট. সি. এম. আর (ICMR) এর পুষ্টি উপদেষ্টা কমিটির মতে প্রতিজন সুস্থ ব্যক্তিক প্রতি বছর ১৮০ টি ডিমের প্রয়োজন। কিন্তু এর পরিবর্তে ত্রিপুরা রাজ্যে বার্ষিক ডিমের উপলব্ধতা ব্যক্তি প্রতি মাত্র ৩৫ টি। তাই এটা বোঝা যায় যে, ত্রিপুরা রাজ্যে উত্তর পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যের মতো ডিম উৎপাদনে এক বিশাল ঘাটতি আছে। এর মূল কারণ হল, এই অঞ্চলের অধিকাংশ পাখিই দেশী/অশ্রেণীভুক্ত যাদের ডিম উৎপাদন ক্ষমতা এবং বৃদ্ধির হার খুবই কম। সুতরাং এই ঘাটতি পূরণের একটি সম্ভাব্য উপায় হল দেশী মুরগীর পরিবর্তে উন্নত জাতের মুরগী পালন, যাতে ডিম ও মাংসের উৎপাদন, বর্তমান উৎপাদনের চেয়ে বহুগুণ বৃদ্ধি করা যেতে পারে।

গ্রামীণ ও আদিবাসী এলাকার মধ্যে ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধি করার জন্য মুরগী অনুসন্ধান নির্দেশালয়, হায়দ্রাবাদের মাধ্যমে গ্রামপ্রিয়া মুরগীর বিকাশ করা হয়েছে। উত্তর-পূর্ব পার্বত্য কৃষি অনুসন্ধান পরিষদ, ত্রিপুরা শাখা এবং বিভিন্ন কৃষি বিজ্ঞান কেন্দ্রের মাধ্যমে ত্রিপুরার বিভিন্ন গ্রামীণ ও আদিবাসী এলাকায় গ্রামপ্রিয়া মুরগীর প্রতিপালনের মূল্যায়ন করা হয়েছে, এবং দেখা গেছে যে, এই মুরগী ত্রিপুরার জলবায়ুতে প্রতিপালনের জন্য খুবই উপযোগী।

### গ্রামপ্রিয়া মুরগীর চারিত্রিক বৈশিষ্ট্য (Characteristic Features of Gramapriya)

- ❖ বহু-রঙ্গী পাখির রং ও দেখাতে দেশী মুরগীর মত।
- ❖ ডিমের ওজন এবং উৎপাদনের হার দেশী মুরগী থেকে বেশী। দেশী মুরগীর মত বাদামী রঙের ডিম উৎপাদন।
- ❖ ওজন বৃদ্ধির হার দেশী মুরগী থেকে বেশী।
- ❖ রোগ প্রতিরোধের ক্ষমতা বেশী হওয়ার জন্য গ্রামপ্রিয়া খোলা এলাকায় ভালোভাবে বেঁচে থাকে।
- ❖ মুরগী তথা মাছের সুসংহত চাষের জন্য উপযুক্ত।
- ❖ Multicoloured feather pattern, physically resembles as the local birds.
- ❖ Egg weight and egg production rate is higher than local birds. Lay brown shell eggs like local bird.
- ❖ Higher body weight gain capacity than local birds.
- ❖ Due to higher disease resistance capacity, Gramapriya survive well in free range system.
- ❖ Suitable for poultry cum fish integrated farming system.

### বাসস্থান (Housing)

- ❖ মুরগীর ঘর স্থানীয় ভাবে পাওয়া উপাদান যেমন- বাঁশ, গাছের খুঁটি, বেড়া, কাঠ, পলিথিন শীট বা ছনের ছাউনি ব্যবহার করে কম খরচে তৈরি করা যেতে পারে।
- ❖ মুরগীকে ০-৮ সপ্তাহ বয়স পর্যন্ত ০.৭ বর্গ ফুট, ৯-১২ সপ্তাহ বয়স পর্যন্ত ১ বর্গ ফুট, ১৩-২০ সপ্তাহ বয়স পর্যন্ত ২ বর্গ ফুট আর ২১ সপ্তাহ থেকে বেসী বয়সের মুরগীর জন্য ২.৪-৩ বর্গ ফুট জায়গার দরকার। এ-হিসাবে ৬ ফুট লম্বা, ৪ ফুট চওড়া ও ৪-৫ ফুট উচু ঘরে ১০ টি ডিম পাড়া এমন বড় মুরগী রাখা সম্ভব।
- ❖ ঘরটি জমি থেকে ১.৫-২ ফুট উঁচু রাখা দরকার যাতে, বর্ষাকালে ঘরের মধ্যে বৃষ্টির জল ঢুকতে না পারে। কাঠ, বাঁশ বা বেড়ার দেওয়াল, ২-৩ ফুট উঁচু করে তার উপরের দিকে ২ ফুট তারজালি বা বরফির বেড়া রাখতে হবে আলোবাতাস চলাচলের জন্য। শীতকালে ঠণ্ডার সময় ও বর্ষাকালে বৃষ্টির সময় তারজালির বাইরের দিকে চট বা ত্রিপাল ঝুলিয়ে দেওয়া উচিত।
- ❖ Low cost poultry house can be prepared using locally available material like bamboo, timber, jungle post along with polythene sheet or thatched grass roofing.
- ❖ For 0-8 weeks age chicken 0.7 sq.ft., 9-12 weeks age 1 sq. ft., 13-20 weeks age 2 sq.ft. and above 21 weeks age 2.4-3 sq.ft. area required. A house with 6 feet length, 4 feet width and 4-5 feet height is sufficient for rearing 10 layer birds.
- ❖ House should be 1.5 to 2 feet above the ground level so that rain water could not enter into the house. Wall made of wood, bamboo or other materials should be atleast 2-3 feet high and the upper part of it i.e. another 2 feet should be covered with wire netting for easy circulation of fresh air and light. During harsh winter and heavy rain, it is necessary to cover the wire netting with gunny bags or tarpaulin.





- ❖ হ্যাচারী থেকে বের হওয়ার পর নবজাত বাচ্চাদের প্রথম ৬ সপ্তাহ বয়স পর্যন্ত, বিশেষ করে রাত্রিবেলা নির্দিষ্ট উষ্ণতায় রাখা দরকার। এভাবে মা-মুরগীর অনুকরণে বাচ্চাদের কৃত্রিম উপায়ে তাপ দিয়ে লালন-পালন করা পদ্ধতিকে ব্রডিং বলে।
- ❖ Newly hatched one day old chicks are reared under brooder upto 6 week of age, because during this initial phase young chicks can not regulate their body temperature.

### লিটার (Litter)

- ❖ লিটার, পাখীর মূলমূত্র থেকে আর্দ্রতা শুষে নেওয়া ছাড়াও মুরগীকে গ্রীষ্মকালে শীতলতা এবং শীতকালে উষ্ণতা প্রদান করতে সাহায্য করে। লিটার মেঝের উপর ২-৩ ইঞ্চি মোটা হওয়া উচিত। সাধারণত : ধানের তুষ, বাদামের খোলা, শুকনা কাঠের গুঁড়ো, কাটা খড় (২-৩ ইঞ্চি আকারের) ইত্যাদি সহজলভ্য জিনিস ব্যবহার করে লিটার তৈরী করা যায়। এদের মধ্যে কাঠের গুঁড়ো উৎকৃষ্ট লিটার। লিটার যাতে দলা না পাকায়, এর জন্যে প্রতি সপ্তাহে অন্তত একবার উল্টে দিতে হবে।
- ❖ লিটারের সাথে গুঁড়ো চুন বা সুপার ফসফেট (মাত্রা : প্রতি ১৫-১৮ বর্গফুটে ১ কেজি) মিশিয়ে দেওয়া দরকার। চুন লিটারকে শুকনা রাখা ছাড়াও রোগজীবাণুমুক্ত রাখতে সাহায্য করে। ভিজা লিটার নানা রোগের, বিশেষ করে ককসিডিয়োসিস, কৃমি প্রভৃতির উৎপত্তিস্থল।
- ❖ বাচ্চা ঘরে ঢোকাবার আগে ঘরের মাঝ খানে গোল করে বেড়া বা কার্ড বোর্ড দিয়ে ঘিরে অথবা চিক গার্ড দিয়ে তার মাঝ খানে ব্রডার (কৃত্রিম উপায়ে তাপ দেওয়া যন্ত্র) স্থাপন করতে হবে। ব্রডারের চারপাশের খালি জায়গায় প্রয়োজন অনুযায়ী খাবার ও জলের পাত্র রাখতে হবে।
- ❖ প্রথম সপ্তাহ ব্রডারের তলে তাপমাত্রা ৯৫° ফাঃ (ফারেনহাইট) রাখতে হবে। তার পরে প্রতি সপ্তাহে ৫° ফাঃ করে তাপ কমিয়ে ৬ সপ্তাহে ৭০° ফাঃ পৌছাতে হবে। ব্রডারের নীচে ৬০ পাওয়ারের ৩ টি বাস্ব প্রতি ১০০ বাচ্চার জন্য বা প্রতি ১০০ বাচ্চার পিছু একটি হাজার ল্যাম্প দিতে হবে। ব্রডারে রাখার সময় বাচ্চাদের আচরণ পর্যবেক্ষণ খুব জরুরী।
- ❖ মল মিশ্রিত লিটার এক বছর পরে একটি মূল্যবান জৈব সারে পরিণত হয়। এই সারে শতকরা ৩ ভাগ নাইট্রোজেন, ২ ভাগ ফসফরাস ও ২ ভাগ পটাসিয়াম থাকে। গোবর সার থেকে এই সার অধিক গুণ সম্পন্ন হয়। দেখা গেছে যে, একটি মাত্র মুরগীর কাছ থেকে বছরে প্রায় ২৫-৩০ কে.জি. জৈব সার পাওয়া যায়
- ❖ Litter material not only absorbs moisture from poultry droppings but also helps to provide warmth in winter and coolness in summer. Litter should be 2-3 inch thick on the floor. Normally rice husk, ground nut hulls, saw dust, chopped straw (2-3 inch size), wood shavings etc are used as litter material. Weekly turning of litter material is necessary to prevent cake formation.
- ❖ Mixing of Hydrated Lime or Super phosphate @ 1 kg/15-18 sq. ft. floor space assist in keeping litter dry and microorganism free. Wet litter is a niche for development of various disease like coccidiosis, worms etc.
- ❖ Chick guard may be prepared using locally available material like bamboo, card board etc. Brooder should be placed in the middle of the chick guard and sufficient numbers of feeder and waterer should be kept around the brooder.
- ❖ During first week, brooder temperature should be 95° F (Fahrenheit) and then reduce 5° F every week till 70° F. Three electric bulbs with 60 W capacity under a brooder is sufficient for 100 chicks. Monitoring chicks behaviour whether they are comfortable or not is very essential.
- ❖ After one year, dropping mixed litter convert into a valuable bio-fertilizer. It is better than the cattle manure and contains 3% Nitrogen, 2% Phosphorus and 2% Potassium. From a single poultry bird, 25-30 kg of bio-fertilizer can be obtained in a year.

Brooding

### বাচ্চা মুরগীর খাবার (Feeding of Chicks)

- ❖ নবজাত বাচ্চাদের প্রথম সপ্তাহ সময় গ্লুকোজ এবং ভিটামিন মিশ্রিত জল দিতে হবে। ১০০ মুরগী বাচ্চার জন্য ২ লি. খাবারের জলের সঙ্গে ১০ গ্রাম (২ চামোচ) গ্লুকোজ এবং ৫-১০ এম.এল ভাইটামিন/ফেমিটোন (অথবা অন্য মাল্টি-ভিটামিন) মেশাতে হবে।
- ❖ সঠিক বৃদ্ধি ও রোগ প্রতিরোধ ক্ষমতা বজায় রাখার জন্য ব্রডিঙের সময় সুস্বাদু খাদ্য দেওয়া উচিত। এই সময় কোন নামী কোম্পানী থেকে ক্রয় করা উন্নত মানের স্টার্টার দানা (২২% প্রোটিন যুক্ত) দিতে হবে। এই দানা ৮ সপ্তাহ বয়স পর্যন্ত দেওয়া যেতে পারে। মুরগীকে সব সময়ই পর্যাপ্ত পরিমাণে পরিষ্কার ও বিশুদ্ধ খাবার জল সরবরাহ করা উচিত।
- ❖ ছয় থেকে সাত সপ্তাহের বাচ্চার ওপরের ঠোঁটের এক তৃতীয়াংশ ও নীচের ঠোঁটের এক চতুর্থাংশ কেটে দেওয়া উচিত, যা মুরগীদের মধ্যে পরস্পরের সাথে কামড়াকামড়ি বা স্বজাতি মাংস ভক্ষণ প্রবৃত্তি রোধ করতে সাহায্য করে।



- ❖ Glucose (10 gm/2 lit. water for 100 chicks) and vitamin (5-10 ml/2 lit. water for 100 chicks) mixed in water should be provided to the chicks during the first week of their life.
- ❖ During brooding chicks should be provided with good quality balanced ration (Starter ration with 22% protein) procured from market to assist optimum growth and better survivability. An ample supply of clean and fresh water should be made available at all time for the birds.
- ❖ Debeaking of the birds during six to seven weeks of age helps to prevent occurrence of cannibalism.

### খোলা এলাকায় পরিচর্যা (Free Range Management)

- ❖ মুরগীগুলো ৬-৭ সপ্তাহ বয়সে গড়ে ৪০০-৫০০ গ্রাম ওজন অর্জন করে আর বাইরের খোলা জায়গায় ছাড়ার উপযোগী হয়।
- ❖ At 6-7 weeks of age they attain an average body weight of 400-500 gm and can be allowed for free ranging/scavenging.

#### খোলা এলাকায় খাবার (Feeding During Free Ranging)

- ❖ খোলা এলাকায় চরে এই পাখীদেই সহজেই প্রাকৃতিক ভাবে উপলব্ধ খাদ্য (কীটপতঙ্গ, কেঁচো, মাছি, সবুজ ঘাস, রান্নাঘরের উচ্ছিষ্ট, বর্জ্য শস্য ইত্যাদি) সংগ্রহ করে প্রোটিনের প্রয়োজনীয়তা পূরণ করে লয় যদিও, এদের মধ্যে অন্যান্য পুষ্টিদায়ক উপাদান, বিশেষ করে শর্করা, খনিজ লবণ (মূলত ক্যালসিয়াম) ও ভিটামিনের অভাবের সম্ভাবনা থাকে। তাই খোলা এলাকায় তাদের উৎপাদন ক্ষমতা বজায় রাখার জন্য কিছু পরিমাণে (২৫-৪০ গ্রাম/পাখী/দিন) সুস্বাদু ও পর্যাপ্ত মাত্রায় পরিষ্কার জল উপলব্ধ করা উচিত।



Free Ranging



Locally Prepared Feed

- ❖ Generally, the bird under free-range condition pick up its food (insects, earthworms, white ants, fallen grains, kitchen waste, green grasses etc.) easily through scavenging and can meet their protein requirement, but the possibility of energy, mineral (basically calcium) and vitamin deficiency is common. Therefore, supplementary balance feed (25-40 gm/bird/day) on daily basis with sufficient clean water should be provided to sustain the production under free range condition.

#### ডিম দেওয়ার সময় পরিচর্যা (Management During Laying Period)

- ❖ ডিমপাড়া মুরগীর জন্য নিম্নলিখিত ধরনে সুস্বাদু প্রস্তুত করা যেতে পারে। যেমন, শক্তির উৎস (ভুট্টা, গম, বাজরা, যাই, চালের গুঁড়ো, গমের ভূষি, চালের ভূষি, শাক-সজি ইত্যাদি): ৬৫-৭০%, উদ্ভিজ্জ প্রোটিনের উৎস (বাদামের খেইল, সরিষার খেইল, ডালের চুনি ইত্যাদি): ২০-২৫%, প্রাণিজ প্রোটিনের উৎস (মাছের গুঁড়ো, মাংসের অবশিষ্টাংশ, রেশমকীটের পিউপার দেহচূর্ণ ইত্যাদি) : ৩-৫%, ক্যালসিয়াম ও ফসফরাসের উৎস (শামুক/বিনুক খোলা গুঁড়ো, চূনাপাথর ইত্যাদি): ৫-৭%, সাধারণ লবণ : ০.৫%, খনিজ লবণ: ০.৫%, ভিটামিন : ০.১%।
- ❖ অধিকাংশ গ্রামপ্রিয়া মুরগী সাধারণত ২১-২৪ সপ্তাহ বয়সের মধ্যে ডিম দেওয়া শুরু করে। ডিমের উৎপাদন, ৭২ সপ্তাহ বয়স পর্যন্ত ২০০-২২০ টি হওয়া দেখা যায়। এই সময় ঘরে, প্রতি ৫ টি মুরগীর জন্য একটি করে ডিম পাড়া বাস রাখতে হবে।
- ❖ ডিম দেওয়ার সময় ক্যালসিয়ামের আবশ্যিকতা পূর্ণ করার জন্য ক্যালসিয়াম উৎস যেমন শামুকের খোলা গুঁড়ো, সিদ্ধ ডিমের খোলা, চূনপাথর ইত্যাদি পাখি প্রতি ৩ থেকে ৪ গ্রাম করে প্রতিদিন দানার সঙ্গে মিশিয়ে দেওয়া দরকার।
- ❖ মোরগ ও মুরগীকে পৃথক পৃথক করে রাখে অনুর্বর ডিম উৎপাদন করা সম্ভব। উর্বর ডিম অপেক্ষা অনুর্বর ডিমকে বেশী দিন রাখা যায়।
- ❖ ২০ সপ্তাহ বয়সে মুরগীগুলির ওজন গড়ে ১.৮-২.০ কে.জি মত হয় আর অতিরিক্ত রাতা গুলিকে এই সময় বিক্রী করতে পারা যায়। ৪০ সপ্তাহ বয়সে তাদের ওজন গড়ে ৩.০-৩.৫ কে.জি পর্যন্ত হওয়া দেখা যায়।
- ❖ Balance ration for laying hens can be prepared as : Energy source (maize, wheat, bajra, oat, broken rice, wheat bran, rice bran, vegetables etc): 65-70%, Vegetable protein source (mustard oil cake, ground nut cake, pulse chuni) 20-25%, Animal protein source (fish meal, meat meal, silkworm pupae meq etc) : 3-5%, Calcium and Phosphorous sources (oyster/snail shell grit, limestone, 5-7%, Common salt : 0.5%, Mineral mixture : 0.5% and vitamin mixture : 0.1
- ❖ Majority of the birds start laying eggs between 21-24 weeks of age. Lay 200-220 nos. of eggs. upto 72 weeks. Atleast one nest box should be provided for every 5 hens during laying period, If possible.
- ❖ During laying period calcium requirement can be fulfilled by providing through snail shell grit, stone grit, ground limestone, shell of 3-4 gm/bird daily, by mixing with feed.



Gramapriya hen can lay eggs without a male bird and produce infertile or vegetarian eggs, which are good for consumption and can be kept for longer period of time.

- ❖ They attain on an average body weight of 1.8-2.0 kg at 20 weeks age. At 40 weeks age, they attain an average body weight of 3.0 - 3.5 kg/bird.

## স্বাস্থ্য পরিচর্যা (Disease Management)

- ❖ মুরগী আক্রান্ত হওয়া কয়েকটি রোগের বিষয়ে নিচে আলোচনা করা হল।

### রাণীক্ষেত রোগ (Ranikhet Disease)

- ❖ ভাইরাস ঘটিত মারাত্মক সংক্রামক রোগ, যে কোন বয়সের মুরগী এই রোগে আক্রান্ত হয়। শীতকালে ও গ্রীষ্মকালে এই রোগ বেশী হয় এবং রোগে মৃত্যু খুব আকস্মিক হয়। শ্বাসকষ্ট, ক্ষুধামান্দ্য, মাংসপেশীর খেঁচুনি, ডানা ঢলেপড়া মাথা এবং গলায় ভাজ, পক্ষাঘাত, সাদা চূনের মতো দুর্গন্ধযুক্ত পায়খানা, পরে সবুজ বর্ণের পাতলা পায়খানা, বিকৃত বা রুক্ষ বা পাতলা খোসার ডিম এবং ডিমের উৎপাদন হ্রাস ইত্যাদি রোগের প্রধান লক্ষণ। এই রোগের কোন কার্যকরী চিকিৎসা নেই। রোগাক্রান্ত মুরগী ও এই রোগে মারা গেছে এমন মুরগীগুলোকে চূন মাখিয়ে মাটিতে পুতে দিতে হবে। পানীয় জলে পটাশিয়াম পারম্যাঙ্গানেট (মাত্রা : ১ গ্রাম/ লিটার জলে) বা অক্সিটোট্রাসাইক্লিন সলিউবল পাউডার ( মাত্রা : ৮-২০ গ্রাম/৪.৫ লিটার জলে) বা ভেনডোক্স -এন (মাত্রা : ১ গ্রাম/৫-১০ লিটার জলে) বা ভেটক্লিন-১১২ ( মাত্রা : ১ গ্রাম/ ২ লিটার জলে) মিশিয়ে ৪-৫ দিন খেতে দিলে উপকার পাওয়া যায়। রোগ প্রতিরোধের জন্য টীকাকরণ উৎকৃষ্ট উপায়।



- ❖ Caused by virus and chickens of all age are susceptible mostly during winter and summer months. Respiratory distress, coughing, paralysis of wing and leg, muscula tremor, white chalky to greenish diarrhoea, reduce egg production with soft shelled irregular shaped egg etc. are most common symptoms. There is no effective treatment. To prevent secondary bacterial infection, Oxytetracycline soluble powder (8-10 gm/4.5 lit. water) or Vendox-N (1gm/5-10 lit. water) or Vetclin 112 (1gm/2 lit. water) can be given for 4-5 days. Vaccination is the best way to control the disease.

### মুরগী বসন্ত/ ফাওল পক্স রোগ (Fowl Pox Disease)

- ❖ ভাইরাস ঘটিত রোগ। অধিকাংশ মুরগী, সংক্রমণের পর বেঁচে থাকে যদিও খুব ছোট বা দুর্বল পাখি মারা যেতে পারে। জানুয়ারী থেকে মার্চ মাসের ভিতরে রোগটি বেশী দেখা যায়। রোগাক্রান্ত মুরগীর মাথার বুঁটি, গলার ফুল, ঠোঁটের নরম অংশ, পায়ে এবং চামড়ার অন্যান্য জায়গায় সাদা গুটি মতো ক্ষত দেখা যায়। গুটিগুলো গাঢ় মামড়িয়ে পরিবর্তিত হয় আর প্রায় তিন সপ্তাহের ভিতরে পড়ে যায়। এই রোগের সু-চিকিৎসা নেই। জলে পটাশিয়াম পারম্যাঙ্গানেট (মাত্রা : ১ গ্রাম/লিটার জলে) গোলে গুটিগুলোকে ধুয়ে তাতে টিংচার আয়োডিন অথবা অন্য মলম যেমন নিউস্পোরিন, স্পেকট্রাজোল ইত্যাদি লাগাতে হবে। উপরে উল্লেখিত এন্টিবায়োটিক ঔষধ জলে মিশিয়ে খেতে দিলে উপকার পাওয়া যায়। রোগ প্রতিরোধের জন্য টীকা দেওয়া আবশ্যিক।



Blister on Comb and Wattle

- ❖ Caused by virus and mostly occur between January to March. Whitish blist appear on comb, wattle, leg and other skin areas etc. Blister develop into scab and drop off within 3 weeks. No effective treatment. 1% KMnO<sub>4</sub> solution for cleaning of scrabs, application of antiseptic ointment like Neosporine or Spectrazole to the affected parts, oral antibiotic therapy etc. can be given. Vaccination is necessary to control the disease.

### গাম্বোরো রোগ (Gumboro Disease)

- ❖ ভাইরাস জনিত রোগ, ৩-৬ সপ্তাহ বয়সের মুরগী বাচ্চার ক্ষেত্রে বেশী দেখা যায়। মুরগীর রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট, চূনা পাতলা পায়খানা ইত্যাদি রোগের প্রধান লক্ষণ। এই রোগের কোন চিকিৎসা নেই। লিভার টনিক এবং ই-কেয়ার-এস-ই (মাত্রা : ৫ গ্রাম/২০০ পাখী) বা স্ট্রেস রোক ( মাত্রা : ৫-১০ মি.লি./১০০ পাখী) ইত্যাদি খেতে দিলে উপকার পাওয়া যায়। রোগ প্রতিরোধের জন্য টীকা দেওয়া আবশ্যিক।
- ❖ Caused by virus and chicken of 3-6 weeks are more susceptible. Disease resistance power decreases, watery white diarrhoea etc. are common symptoms. No effective treatment. Liver tonic, E care Se powder (5gm/200 bird) or Stresroak (5-10ml/100 birds) can be given as supportive therapy, Vaccination is necessary to control the disease.

### পুলোরাম (Pullorum)

- ❖ ব্যাকটেরিয়ার দ্বারা ঘটিত রোগ, ২-৩ সপ্তাহ বয়সের মুরগী বাচ্চার ক্ষেত্রে বেশী দেখা যায়। বাচ্চাগুলো তাপের উৎসের নিচে জড়ো হয়ে ঝিমোয়, নড়ে না, শ্বাস-প্রশ্বাসে কষ্ট, পেটের যন্ত্রনায় কিচ্ কিচ্ শব্দ করে চেঁচাতে থাকে, টুথপেস্টের মত চটচটে সাদা পায়খানা হয় ও মলদ্বারের চারপাশের পালকে মল লেগে শুকিয়ে থাকে, ক্ষুধামান্দ্য এবং দুর্বলতা ইত্যাদি রোগের প্রধান লক্ষণ। চিকিৎসা হিসাবে জলের সাথে সাকোপ্রিম বা ব্যাকট্রিসল পাউডার (মাত্রা : বাচ্চার জন্য ১ গ্রাম/২ লিটার জলে, বড় মুরগীর জন্য ৪ গ্রাম/২ লিটার জলে) বা বায়োট্রিম লিকুই ( মাত্রা : ১ মি.লি./২-৪ লি. জলে) মিশিয়ে ৫-৭ দিন পর্যন্ত দিনে দুইবার করে খাওয়াতে হবে।

- ❖ Caused by bacteria and 2-3 week chicks are more susceptible. Inappetence, gasping, chalky white diarrhoea, pasting of feathers of the vent region, a shrill cry while voiding.



droppings, continuous peculiar chirping sound etc. are common symptoms. As treatment, Bactrisol (for chicks: 1 gm/2 lit. water, for adult: 4 gm/2lit. water) or Biotrim liquid (1ml/2-4 lit. water) can be given twice daily for 5-7 days.

### ককসিডিওসিস (Coccidiosis)

- ❖ প্রোটোজোয়ার দ্বারা ঘটিত রোগ। এই রোগ ৩-৫ সপ্তাহ বয়সের মুরগী বাচ্চার ক্ষেত্রে বেশী দেখা যায়। বর্ষাকালে বেশী হয়। চিকিৎসা এবং চামড়ার স্নানতা, দুর্বলতা, রক্ত পায়খানা ইত্যাদি রোগের প্রধান লক্ষণ। চিকিৎসা হিসাবে জলের সাথে ককসিনিল-প্লাস বা মেরিককসি-কে বা অ্যামপ্রোলিয়াম (মাত্রা : ১.৫ গ্রাম/২ লিটার জলে) মিশিয়ে ৫-৭ দিন পর্যন্ত দিতে হবে। প্রাথমিক চিকিৎসা হিসাবে দুধ দেওয়া যেতে পারে।
- ❖ Caused by protozoa and 3-5 week chicks are more susceptible, high incidence during rainy season. Paleness of comb and wattle, weakness, blood tinged droppings etc. are common symptoms. As treatment Coccinil Plus or Mericoxy-K or Amprolium (1.5 gm/2 lit. water) can be given for 5-7 days.

### কৃমি সংক্রমণ (Worm infestation)

- ❖ মুরগী নানা ধরনের কৃমির দ্বারা আক্রান্ত হয়। কৃমি নাশক ঔষধের প্রথম ডোজ ২১-৩০ দিন বয়সের মধ্যে দেওয়া উচিত এবং প্রতি ৩-৪ মাস অন্তর অন্তর এর পুনরাবৃত্তি করা প্রয়োজনীয়। চিকিৎসা হিসাবে, পাইপেরাজিন হাইড্রেট বা ক্লক-৪৫ সিরাপ (মাত্রা : বাচ্চার জন্য ২৫ মি.লি./১০০ পাখি, বাড়ন্ত বাচ্চার জন্য ৪০ মি.লি./১০০ পাখি আর লেয়ার মুরগীর জন্য ৫০-৭৫ মি.লি./১০০ পাখি) জলের সাথে মিশিয়ে দেওয়া উচিত।
- ❖ Poultry birds are affected by various types of worms. First dose of dewormer should be given at the age of 21-30 days and repetition should be done after every 3-4 month. As treatment, Piperazine Hydrate or Knock-45 syrup (for chicks: 25ml/100birds, for grower: 40 ml/100 birds, for layer 50-75 ml/100 birds) can be given.

### টীকা দেওয়ার সময়সূচী (Vaccination Schedule)

বয়স (Age)	টীকা (Vaccine)	মাত্রা (Dose)	প্রয়োগ (Application)
১ দিন (1 Day)	মারেক্স রোগ, এইছ.ভি.টি. (Marek disease, HVT)	০.২ মি.লি. (0.2 ml)	চামড়ার নীচে (S/C)
৪-৭ দিন (4-7 day)	রাণীক্ষেত রোগ, এফ.ওয়ান/লা-সোটা (Ranikhet disease, F1/Lasota)	১ ফোটা (1 drop)	নাক/চোখে (Eye/Nasal)
১৪ দিন (14 day)	ইনফেক্টিয়াচ বাসেল ডিজিজ, এম. বি. (IBD, M.B.)	১ ফোটা (1 drop)	নাক/চোখে (Eye/Nasal)
২১ দিন (21 day)	ফাওল পক্স (Fowl pox)	০.২ মি.লি. (0.2 ml)	চামড়ার নীচে (S/C)
৩৫ দিন (35 day)	রাণীক্ষেত রোগ, আর. টু. বি.* (Ranikhet disease, R2B)*	০.৫ মি.লি. (0.5 ml)	চামড়ার নীচে (S/C)
৪২ দিন (42 day)	ফাওল পক্স* (Fowl pox)*	০.২ মি.লি. (0.2 ml)	চামড়ার নীচে (S/C)

\*রাণীক্ষেত আর.টু.বি. এবং ফাওল পক্স টীকা ৬ মাস অন্তর অন্তর পুনরাবৃত্তি করতে হবে। (Repeat R2B and Fowl pox vaccine at every 6 month interval).

### অর্থনৈতিক মূল্যায়ণ (Economics)

জাত (Variety)	খরচ (Expenditure)	সার্বিক উপার্জন (Gross Income)	মোট লাভ (Net Income)	বি.সি. অনুপাত (B.C. Ratio)
গ্রামপ্রিয়া (Gramapriya)	৪,৫০০ টাকা (Rs. 4,500)	১৮,০০০ টাকা (Rs. 18,000)	১৩,৫০০ টাকা (Rs. 13,500)	৪.০ (4.0)
দেশী (Local)	২,৫০০ টাকা (Rs. 2,500)	৮,০০০ টাকা (Rs. 8,000)	৫,৫০০ টাকা (Rs. 5,500)	৩.২ (3.2)

❖ মুরগীর বাচ্চা সংখ্যা : ২০টি (Chicks: 20 Nos)

❖ বিক্রী মূল্য : মুরগী = ২০০ টাকা/কেজি, ডিম = ৫ টাকা/ডিম (Selling Price : Bird = Rs. 200/kg, Egg = Rs. 5/ each)

Publication No-13

Year -2013

Prepared by :

Dr. Dhruvajyoti Das, SMS (Animal Science), KVK, South Tripura.  
Dr. A. K. Singh, Programme Co-ordinator, KVK, South Tripura.  
Dr. M. Datta, Joint Director, ICAR R.C. for NEH Region, Tripura Centre.

Published by :

Dr. A. K. Singh, Programme Coordinator

For Details, Please Contact:

Programme Coordinator

Krishi Vigyan Kendra, South Tripura

Birchandramanu, Manpathar, South Tripura -700144, India

Phone 03823-252523, 252370

Email: kvksouthtripura@gmail.com Website: www.kvksouthtripura.org.in